



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮- ১৬৪(১)

তারিখঃ ১২/০৯/২০১৮ খ্রিঃ

বিষয় : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদেরকে ব্যাখ্যা তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন সময় জারিকৃত নির্দেশনাসমূহ মাঠ পর্যায়ে যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না মর্মে লক্ষ্য করা যাচ্ছে। প্রতি মাসে নির্দেশনা অনুযায়ী এআরডিও WCS সহ পরিদর্শন প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করা স্বাপেক্ষে প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশিত তালিকায় উল্লেখিত উপজেলার এআরডিওদেরকে বেতন ভাতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশিত তালিকায় আপনার জেলাধীন বোরহানউদ্দীন উপজেলার নাম উল্লেখ না থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বর্ণিত এআরডিও’র বেতন ভাতা প্রদান করেন; যা প্রকল্প দপ্তর হতে প্রেরিত নির্দেশনার পরিপন্থী। উল্লেখ্য, স্মারক নং-৬৮, তারিখ- ০২/০২/২০১৭ মূলে জারিকৃত আদেশ অনুযায়ী প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা প্রতি মাসে WCS সহ পরিদর্শন প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণ স্বাপেক্ষে বেতন-ভাতা প্রদানের জন্য অনুমোদিত উপজেলাসমূহের তালিকা প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশিত হয়।

এমতাবস্থায়, আপনার জেলাধীন বোরহানউদ্দীন উপজেলার উক্ত কর্মসূচির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা’র আগষ্ট/২০১৮ মাসের বেতন ভাতা স্থগিত করা সত্ত্বেও বেতন ভাতা প্রদান করায় সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে ব্যাখ্যা তলব এবং পরবর্তী গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রকল্প দপ্তরকে আগামী ২৫/০৯/১৮ খ্রিঃ এর মধ্যে অবহিত করার জন্য মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আছম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
জেলাঃ ভোলা

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বোরহানউদ্দীন জেলাঃ ভোলা।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা।